

## সে দিন হবে লাভ-লোকসানের দিন

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহীম।

আজকের আলোচনার বিষয়: "সেদিন হবে লাভলোকসানের দিন"।

"আত তাগাবুন" পবিত্র কুরআনুল করীমের ৬৪ নম্বর সূরা। এই সূরায় ১৮ টি আয়াত রয়েছে। এটি মদিনায় অবতীর্ণ হয়েছে। এ সূরায় ৯ নং আয়াতে **النَّفْلُ** শব্দ ব্যবহার করা হয়েছে। "তাগাবুন" শব্দের অর্থ "হারজিত" / "লাভ-ক্ষতি"।

يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ذَلِكَ يَوْمُ التَّعَابِينِ وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ وَيَعْمَلْ صَالِحًا يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَيُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ٦٤ الْمُنَافِقُونَ ٩

স্মরণ কর, যেদিন তিনি তোমাদেরকে সমবেত করিবেন সমাবেশ দিবসে সেদিন হইবে লাভ-লোকসানের দিন। যে ব্যক্তি আল্লাহে বিশ্বাস করে ও সৎকর্ম করে তিনি তাহার পাপ মোচন করিবেন এবং তাহাকে দাখিল করিবেন জান্নাতে; যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা হইবে চিরস্থায়ী। ইহাই মহাসাফল্য। আত-তাগাবুন ৬৪:৯

وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ خَالِدِينَ فِيهَا وَيُسَوِّغُونَ لَهَا ٦٤ الْمُنَافِقُونَ ١٠

কিন্তু যাহারা কুফরী করে এবং আমার নিদর্শনসমূহকে অস্বীকার করে তাহারা ই জাহান্নামের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে। কত মন্দ সেই প্রত্যাবর্তনস্থল! আত-তাগাবুন ৬৪:১০

مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ يَهْدِ اللَّهُ قَلْبَهُ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ٦٤ الْمُنَافِقُونَ ١١

আল্লাহর অনুমতি ব্যতিরেকে কোন বিপদই আপতিত হয় না এবং যে আল্লাহকে বিশ্বাস করে তিনি তাহার অন্তরকে সুপথে পরিচালিত করেন। আল্লাহ্ সববিষয়ে সত্যক অবহিত। আত-তাগাবুন ৬৪:১১

وَاطِيعُوا اللَّهَ وَاطِيعُوا الرَّسُولَ فَإِنْ تَوَلَّيْتُمْ فَإِنَّمَا عَلَىٰ رَسُولِنَا الْبَلَاغُ الْمُبِينُ ٦٤ الْمُنَافِقُونَ ١٢

তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর; যদি তোমরা মুখ ফিরাইয়া লও, তবে আমার রাসূলের দায়িত্ব কেবল স্পষ্টভাবে প্রচার করা। আত-তাগাবুন ৬৪:১২

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ وَعَلَىٰ اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ٦٤ الْمُنَافِقُونَ ١٣

আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই; সুতরাং মু'মিনগণ আল্লাহর উপর নির্ভর করুক। আত-তাগাবুন ৬৪:১৩

প্রিয় ভাই ও বোনেরা, দুনিয়ার জীবন ক্ষনস্থায়ী। মৃত্যুর পরবর্তী জীবন চিরস্থায়ী। ক্ষনস্থায়ী জীবনের মোহে চিরস্থায়ী জীবন। বরবাদ করা চরম বোকামী। সুতরাং এমন যেন সা হয় যে, দুনিয়ার ক্ষনস্থায়ী জীবনে জয়ী হলাম, কিন্তু মৃত্যু পরবর্তী চিরস্থায়ী জীবনে হেরে গেলাম এবং চরম ক্ষতিগ্রস্ত হলাম।

বর্তমান "বিশ্বমহামারীতে" বিশ্ব-মানব অবিরত দেখছে মৃত্যু মিছিল। আসুন আমরা বিবেকবান হই। মহান প্রভুর কাছে আমরা প্রার্থনা করি:

হে আল্লাহ, আমাদের পাপকাজের জন্য আমরা লজ্জিত, আমরা তওবা করছি – আমরা অতীতের পাপকাজ আর লিপ্ত হব না। মেহেরবানী করে আমাদের ক্ষমা করো। ভবিষ্যতে যাতে আমরা সৎপথে চলতে পারি এবং অন্যায়ে কাজে লিপ্ত না হই – সে জন্য

তোমার কাছে সাহায্য প্রার্থনা করছি। তুমি মহান আল্লাহ আমাদের দোয়া কবুল করো। আমীন। আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।

**বিশেষ অনুরোধ:**

মাত্র ৫ টি আয়াত অনুগ্রহপূর্বক বারবার তেলাওয়াত করুন। যারা আরবীতে তেলাওয়াত করতে পারেন না।



তারা অনলাইনে তেলাওয়াত শুনুন, অর্থ বুঝার চেষ্টা করুন, চিন্তা করুন: মৃত্যু পরবর্তী জীবনের এবং আমাদের বর্তমান কাজকর্ম সম্পর্কে।